

উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ৩০.১২.২০১৪ খ্রি.
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বিকরগাছা, যশোর
উপস্থিত সদস্যসমূহ : নারিসিটি 'ক' দল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিপত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোমন্স সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনার সারসংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত:	অপরাধ বিবরণী পর্যালোচনায় অফিসার ইনচার্জ জানান বিকরগাছা উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। অপরাধের স্থানসমূহ চিহ্নিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে বিভিন্ন স্থানে পুলিশ টহল জোরদার করতে হবে। এছাড়াও খুন, চৌদাবাজি, চুরি-ডাকাতি ও ছিনতাই বন্ধসহ কোন অভিযোগের সুনির্দিষ্টতা থাকলে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিশোরগ্যাং প্রতিরোধে স্কুল কলেজে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পণ্যের সরবরাহ ও যোগান অব্যাহত রাখার জন্য ব্যবসায়ীদের সিন্ডিকেট সৃষ্টির প্রচেষ্টা রোধকল্পে বাজার মনিটরিং জোরদার করতে হবে। বিশেষ করে সরকার নির্ধারিত হারে দ্রব্যসামগ্রী বিক্রয় হুন্ডে কিনা তা তদারকি করতে হবে। সড়ক দুর্ঘটনার স্থানসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সাথে রাস্তায় ফিটনেস ও লাইসেন্স বিহীন যানাহন চলাচল রোধের আইনগত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অপ্রাপ্ত বয়স্ক ছেলেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালানোর ফলে প্রাণশ	১। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাই তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবাবা অভিভাবকদের অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। পৌর সভায় ট্রাফিক ব্যবস্থা জোরদার করার মাধ্যমে যানজট মুক্তকরণসহ উপজেলা পর্যায়ে যানজট নিরসনে পরিকল্পনা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। বিকরগাছা বাজারের রাস্তার পাশের ফুটপাথ দখলমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এগ্রিকাল্টিভ ম্যাজিস্ট্রেট বিকরগাছা, যশোর। ২. অফিসার-ইন-চার্জ, বিকরগাছা থানা ৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিকরগাছা, যশোর। ৪. অফিসার-ইন-চার্জ, নাভারণ হাইওয়ে থানা, যশোর।

		অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা ঘটছে। ফলে সর্বসাধারণের আতঙ্ক দূর করাসহ সড়ক দুর্ঘটনা প্রতিরোধ অভিযান পরিচালনা করতে হবে। তিনি উপজেলার আইন শৃঙ্খলা রক্ষার নিমিত্তে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন।		
২	বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনসহ মানব পাচার রোধ:	উপজেলায় বাল্য বিবাহ বন্ধের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাল্য বিবাহের সাথে জড়িত কাজীদের শাস্তির আওতায় আনা হয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ করার জন্য স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অভিভাবকদের সচেতনমূলক সভা করাসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে গঠিত কমিটিগুলোকে আরও বেশি তৎপর হতে হবে।	প্রতি শুরুর জুম্মার নামাজের খুৎবাত্তে ইমাম সাহেবগণ আবশ্যিকভাবে বাল্য বিবাহ, যৌতুক, মাদক-জুয়া, সন্ত্রাস ও জঙ্গীবাদের কুফল সম্পর্কে আলোচনা করবেন	১। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর ৩। মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৩	মাদকদ্রব্য - জুয়া বন্ধকরণ এবং অন্যান্য জননিরাপত্তামূলক ব্যবস্থা:	চেয়ারম্যান, বাকড়া ইউ.পি বলেন যে, তরুণ/ যুবকরা ফেনসিডিলসহ অন্যান্য মাদক সেবনের জন্য ওভার স্পিডে মোটর সাইকেলসহ অন্যান্য যানযোগে সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় গমন করে থাকে। ফলে প্রায়শই সড়ক দুর্ঘটনায় অনাকাঙ্ক্ষিত প্রাণহানীসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার সম্ভবনা থেকে যায়। এ প্রবণতা রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য তিনি আহ্বান জানান।	১। মাদক বিরোধী অভিযানের সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। ২। জুম্মার নামাজে মাদকের কুফল সম্পর্কে বক্তব্য রাখার জন্য ইমামদের নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। মাদকদ্রব্য উদ্ধার ও মাদক কারবারি গ্রেফতারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ পুলিশ বাহিনীর তৎপরতা বৃদ্ধি করতে হবে। ৪। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে মাদক বিরোধী কমিটির কার্যক্রম জোরদার করতে হবে।	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এজিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, ২। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা/ নাভারগ হাইওয়ে থানা। ৩। প্রশাসক/ চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা ৪। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, ঝিকরগাছা

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 উপজেলা নির্বাহী অফিসার
 ঝিকরগাছা, যশোর।
 ও
 সভাপতি
 উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।

অনুলিপি: সমস্ত অঘনতি/ অঘনতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (অন্যকর্তার ক্ষমতাস্বত্ব নষ্ট)

- ১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, যশোর।
- ২। প্রশাসক, ঝিকরগাছা শৌরসভা, যশোর।
- ৩। অফিসার ইন-চার্জ, ঝিকরগাছা থানা/ নাজারন হাউসে থানা, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা..... অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা..... (সকল) ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর
- ৬। অফিস কপি।



মো:আব্দুল খালেক

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।

ও

সদস্য সচিব

উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি